দৈনিক সংবাদ

তারিখ 04 AUG 1988
পৃষ্ঠা ... ১ কলাম 3



## শিক্ষার হার বাড়াতে সম্মিলিতভাবে প্রচেষ্টা চালান ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ দেশের শিক্ষার হার বাড়ানোর জন্য সম্মিলিত প্রচেষ্টা নেয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, দেশের জনশক্তিকে যথাযথভাবে জাতিগঠন কর্মকাণ্ডে কাজে লাগানোর ক্ষেত্রে সহায়ক হবে। মন্ত্রী গতকাল বুধবার ঢাকায় কয়েকটি এনজিও-এর প্রতিনিধিদের সভায় বক্তৃতা করছিলেন। সভায় বিভিন্ন এনজিও থেকে প্রায় ৪০ জন প্রতিনিধি যোগদান করেন। খবর বাসস'র।